

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২১-২০২২ বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিম্নিত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : আবুল কালাম আজাদ  
তারিখ : ৮ ডিসেম্বর, ২০২১  
সময় : সকাল ১২.০০ টা  
স্থান : অনলাইন, জুম মিটিং  
উপস্থিতি : রেকর্ডেড

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে বিস্ফোরক পরিদপ্তরের সদস্য-সচিব জনাব ড. মোঃ আব্দুল হাম্মান সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ সভায় যুক্ত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি বলেন, এপিএ বাস্তবায়নের ধারাবাহিকতার লক্ষ্যে অংশীজনের সভা আয়োজন করা হয়েছে। অত্র দপ্তরের বিভিন্ন ধরনের সেবাগ্রহীতা রয়েছে। সিটিজেন'স চার্টারে বিভিন্ন লাইসেন্স মঞ্জুরের ক্ষেত্রে বিধিমালা অনুযায়ী নিদিষ্ট সময় উল্লেখ রয়েছে। তবে শিল্পাঞ্চল এবং অর্থনৈতিক জোনের ক্ষেত্রে ২১ দিনের মধ্যে লাইসেন্স মঞ্জুরের নির্দেশনা রয়েছে। সিটিজেন'স চার্টার অনুযায়ী সেবা প্রদানে সর্বোচ্চ চেষ্টা করা হয় কিন্তু অসম্পূর্ণ আবেদন এবং বিভিন্ন ত্রুটির কারণে নির্ধারিত সময়ে লাইসেন্স মঞ্জুর করা যায় না। সেক্ষেত্রে সঠিক কাগজপত্র এবং সহযোগিতা কামনা করে সভাপতি বলেন প্রয়োজনীয় কাগজপত্র প্রথমেই আবেদনের সাথে দাখিল করলে সেবা প্রদানের সময়ক্ষেপণ কম হবে। সভাপতির অনুমতিক্রমে বিস্ফোরক পরিদর্শক মনিরা ইয়াসমিন দপ্তরের সিটিজেন'স চার্টার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। ওয়েবসাইট থেকে সিটিজেন'স চার্টারটি জনাব এস এম সাখাওয়াত হোসেন, সহকারী বিস্ফোরক পরিদর্শক উপস্থাপন করেন।


জনাব সানজিদা আক্তার, সহকারী বিস্ফোরক পরিদর্শক জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনিক পরিবর্তন হওয়ায় বিস্ফোরক পরিদপ্তরের আপীল কর্মকর্তা পরিবর্তন করে ওয়েবসাইটে হালনাগাদ করা হয়েছে। তিনি আরো জানান, ২ জন কর্মকর্তা বিস্ফোরক পরিদর্শক হতে উপস্থান বিস্ফোরক পরিদর্শক ( চ.দা) পদে পদোন্নতি পাওয়ায় তাদের নাম, পদবি, ফোন নাম্বার ও ই-মেইল সিটিজেন চার্টারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কলামে অন্তর্ভুক্ত করে হালনাগাদ করা হয়েছে। প্রধান বিস্ফোরক পরিদর্শকের টেলিফোন নাম্বার পরিবর্তন হওয়ায় তা সিটিজে 'স চার্টারে অন্তর্ভুক্ত করে হালনাগাদ করা হয়েছে।

সভাপতি সিটিজেন,স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা যথাসময়ে প্রদানের জন্য উপস্থিত সকলকে আরও তৎপর হওয়ার এবং সিটিজেন'স চার্টার হালনাগাদ করে সে অনুযায়ী যথাসময়ে সেবা প্রদান করার নির্দেশনা প্রদান করেন। উপস্থিত সেবাগ্রহীতাদের সিটিজেন'স চার্টারের উল্লেখিত সেবা প্রদান সময় সম্পর্কে অবহিত করা হয়। সেবা গ্রহীতাদের সেবা গ্রহণের ক্ষেত্রে ওয়েবসাইট থেকে সিটিজেন'স চার্টার দেখার বিষয়ে জানানো হয়।

বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল কার্যক্রম পরিকল্পনা করতে হবে।
- (খ) সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(আবুল কালাম আজাদ)

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ

টেলিফোন: ২২২২২৫২৫৮

ই-মেইল: [dhaka@explosives.gov.bd](mailto:dhaka@explosives.gov.bd)